

## একাডেমিক কাউন্সিলের ৫২তম সভার অনুমোদন

### বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে চালু হচ্ছে আরো ৬টি বিভাগ, ৭টি ডিভিশন ইপনা ইনস্টিটিউট হিসেবে অনুমোদিত

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে চালু হচ্ছে আরো ৬টি বিভাগ ও নতুন ৭টি ডিভিশন। ইনস্টিটিউট অফ প্যাডিয়াট্রিক নিউরো-ডিসঅর্ডার এন্ড অটিজম (ইপনা)-কে ইনস্টিটিউট হিসেবে অনুমোদন দেয়া হয়। এছাড়া হেড-নেক সার্জারিতে “ফেলোশীপ ইন হেড-নেক সার্জারি”-এর অনুমোদন দেয়া হয়েছে। আজ শনিবার, ২১ অক্টোবর ২০১৭ইং তারিখে ডা. মিল্টন হলে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান-এর সভাপতিত্বে অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিল-এর ৫২তম সভায় এ অনুমোদন দেয়া হয়। একাডেমিক কাউন্সিল অনুমোদিত নতুন বিভাগগুলো হলো- অবস এন্ড গাইনী বিভাগের অধীনে পরিচালিত-রিপ্রোডাক্টিভ এন্ডোক্রাইনোলজি এন্ড ইনফারটিলিটি, গাইনোকোলজিক্যাল অনকোলজি, ফিটো-মেটারনাল মেডিসিন; সার্জারি বিভাগের অধীন-হেপাটোবিলিয়ারি, প্যানক্রিয়েটিক এন্ড লিভার ট্রান্সপ্লান্ট সার্জারি, কলোরেক্টাল সার্জারি এবং সার্জিক্যাল অনকোলজি। এছাড়াও সার্জারি বিভাগের অধীনে একটি মিনিমাল ইনভেসিভ সার্জারি সেন্টার-এর অনুমোদন দেয়া হয়। অনুমোদিত নতুন ডিভিশনগুলো হলো- শিশু সার্জারি বিভাগের অধীন- পেডিয়াট্রিক ইউরোলজি, পেডিয়াট্রিক সার্জিক্যাল অনকোলজি, নিউনোটাল সার্জারি; রেজিওলজি এন্ড ইমেজিং বিভাগের অধীন-নিউরোরোডিওলজি, ইন্টারভেনশনাল রেডিওলজি, প্যাডিয়াট্রিক রেডিওলজি এবং মাস্কুলোস্কেলেটাল রেডিওলজি। উল্লেখ্য, বর্তমানে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে ৫১টি বিভাগ চালু রয়েছে। গুরুত্বপূর্ণ ওই সভায় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খানসহ আরো উপস্থিত ছিলেন সম্মানিত উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডা. এসএম জাকারিয়া স্বপন, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোহাম্মদ আলী আসগর মোড়ল, মেডিসিন অনুষদের ডীন অধ্যাপক ডা. এবিএম আব্দুল্লাহ, বেসিক সায়েন্স ও প্যারাক্লিনিক্যাল সায়েন্স অনুষদের ডীন অধ্যাপক ডা. এম ইকবাল আর্সলান, ডেন্টাল অনুষদের ডীন অধ্যাপক ডা. গাজী শামীম হাসান, প্রিভেনটিভ এন্ড সোস্যাল মেডিসিন অনুষদের ডীন অধ্যাপক ড. সৈয়দ শরীফুল ইসলাম, মেডিক্যাল টেকনোলজি অনুষদের ডীন অধ্যাপক ডা. মোহাম্মদ আতিকুর রহমান, রেজিস্ট্রার অধ্যাপক ডা. এবিএম আব্দুল হান্নান, বিভিন্ন বিভাগের চেয়ারম্যানবৃন্দসহ একাডেমিক কাউন্সিলের সদস্যবৃন্দ ও আমন্ত্রিত শিক্ষকবৃন্দ।

